তারিখ [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

দৈনিক
ইত্তেফাক

# ছোটদের মন্ত্রিসভার নির্বাচন আজ

■ ইত্তেফাক রিপোর্ট

আজ বৃহস্পতিবার ছোটদের মন্ত্রিসভা গঠনে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় 'স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন' অনুষ্ঠিত হবে। সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলবে।

প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত ৮ জন প্রতিনিধির সমন্বয়ে এক বছরের জন্য স্টুডেন্ট ক্যাবিনেট গঠিত হবে। এ বছর এক লাখ ৮৩ হাজার ২৭২টি পদের জন্য ২ লাখ ৭১ হাজার ২৯৯ প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। মোট ভোটার ১ কোটি ৩ লাখ ৯৮ হাজার ৫৫১ জন। গতকাল বুধবার সচিবালয়ে 'স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন-২০১৭' নিয়ে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।